

128445 - যদি ওয়ু অবস্থায় চামড়ার মোজা বা কাপড়ের মোজা পরিধান করা না হয় তাহলে সেগুলোর ওপর মাসেহ করা জায়েয নয়

প্রশ্ন

নীচের মাসয়ালারটির হুকুম কি: এক লোক ওয়ু করল। এরপর এক জোড়া কাপড়ের মোজা পরল। অতঃপর তার ওয়ু ছুটে গেল। ওয়ু ছুটে যাওয়ার পর কয়েক সেকেন্ডের জন্য মোজা খুলে পায়ে কিছু ক্রীম লাগাল। এরপর নতুনভাবে মোজাগুলো পরে নিল। এখন সে যদি নতুন করে ওয়ু করে সেক্ষেত্রে কি তার উপর পা দুটো ধৌত করা আবশ্যিক হবে?

প্রিয় উত্তর

যে ব্যক্তি ওয়ু অবস্থায় মোজা পরিধান করেনি তার জন্য মোজার ওপর মাসেহ করা সঠিক নয়। এর সপক্ষে সহিহ সুন্নাহর দলিল রয়েছে।

ইমাম বুখারী (২০৬) ও ইমাম মুসলিম (২৪৭) মুগিরা বিন শুবা (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: আমি এক সফরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গি ছিলাম। আমি তাঁর মোজা-জোড়া খোলার জন্য নীচু হলাম। তখন তিনি বললেন: "মোজা-জোড়া খোলার দরকার নেই। যেহেতু আমি পা-দুটো পবিত্র থাকা অবস্থায় মোজার ভেতরে প্রবেশ করিয়েছি। তখন তিনি মোজাদ্বয়ের ওপর মাসেহ করলেন।"

আবু দাউদ (১৫১) এর ভাষা হচ্ছে—"মোজা-জোড়া খোলার দরকার নেই। যেহেতু আমি পা দুটো পবিত্র থাকা অবস্থায় সেগুলো মোজাদ্বয়ের ভেতরে প্রবেশ করিয়েছি।"

ইমাম নববী বলেন:

"এ হাদিসে দলিল রয়েছে যে, যদি পরিপূর্ণ পবিত্র অবস্থায় মোজা-জোড়া পরিধান করা না হয় তাহলে মোজা-জোড়ার ওপর মাসেহ করা জায়েয হবে না।"[সমাণ্ড]

ইবনে কুদামা 'আল-মুগনি' গ্রন্থে (১/১৭৪) বলেন:

মাসেহ করা বৈধ হওয়ার জন্য পবিত্রতা পূর্বশর্ত— এ ব্যাপারে কোন মতভেদ আছে বলে আমাদের জানা নেই।[সমাণ্ড]

ইমাম মালেক (রহঃ) বলেন:

চামড়ার মোজার ওপর ঐ ব্যক্তি মাসেহ করবেন যিনি ওয়ু করে পবিত্র হয়ে মোজাদ্বয় পরেছেন। আর যে ব্যক্তি ওয়ু করে পবিত্র হওয়া ছাড়া মোজাদ্বয় পরেছেন তিনি মোজা-জোড়ার ওপর মাসেহ করবেন না।[সমাণ্ড][আল-মুয়াত্তা (১/৩৭)]

'আল-মুত্তাকা শারহুল মুয়াত্তা' গ্রন্থে (১/৭৮) বলেছেন:

এর বিধান যেমনটি তিনি বলেছেন: যদি কেউ ওয়ু করার পর মোজাদ্বয় পরে; এরপর তার ওয়ু ছুটে যায়; এরপর সে মোজা-জোড়া খুলে ফেলে; এরপর আবার মোজাদ্বয় পরে—তাহলে সে যে পবিত্র অবস্থায় মোজাদ্বয় পরেছিল সে বিধান নষ্ট হয়ে গেল এবং এখন সে অপবিত্র অবস্থায় মোজাদ্বয় পরল। পা-দুটো পবিত্র থাকা অবস্থায় মোজার ভেতরে প্রবেশ করানো চামড়ার মোজার ওপর মাসেহ করার জন্য শর্ত।[সমাপ্ত]

অতএব, যে ব্যক্তি কাপড়ের মোজা খুলে ফেলে পনুরায় অপবিত্র অবস্থায় সেগুলো পরেছে—তার জন্য মোজার ওপর মাসেহ করা বৈধ হবে না। বরং ওয়ু করার সময় অবশ্যই তাকে পা-দ্বয় ধৌত করতে হবে। সামান্য কয়েক সেকেন্ডের জন্য খোলার কারণে বিধানে কোন পরিবর্তন হবে না। কারণ সে ব্যক্তি 'ওয়ুর পবিত্রতা ছাড়া মোজা পরেছে' তার ব্যাপারে এ কথা সত্য। অতএব, মোজাদ্বয়ের ওপর মাসেহ করা জায়েয হবে না।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।

আরও জানতে দেখুন: 9640 নং প্রশ্নোত্তর।